রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, মার্চ ১৭, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩২/১২ মার্চ ২০২৬

নং **০৩.১৪.০০০০.০৭৬.৯৯.০০৩.২৪-৩৩**—যাকাত ব্যবস্থার আধুনিকীকরণ, সংগ্রহ ও বিতরণ প্রক্রিয়ায় স্বচ্ছতা আনয়ন এবং যাকাত বোর্ডকে অধিকতর কার্যকর ও শক্তিশালীকরণে পুনর্গঠনের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলোঃ

**(ক) কমিটির গঠন :**

| | | | |
|---|---|---|---|
| ১) | মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | : | সভাপতি |
| ২) | জনাব মিয়া নুরুদ্দিন আহাম্মেদ অপু, হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ | : | সদস্য |
| ৩) | আল্লামা মুফতি মুহাম্মদ আবদুল মালেক, খতিব, বায়তুল মোকাররম জাতীয় মসজিদ | : | বিশেষজ্ঞ সদস্য |
| ৪) | শায়খ আহমাদুল্লাহ, চেয়ারম্যান, আস-সুন্নাহ ফাউন্ডেশন | : | বিশেষজ্ঞ সদস্য |
| ৫) | মাওলানা আবদুল্লাহ মাসুম, ইসলামী অর্থনীতিবিদ, জামিয়া শার্‌ইয়্যাহ্ মালিবাগ | : | বিশেষজ্ঞ সদস্য |
| ৬) | জনাব আবু আবদুল্লাহ এম ছালেহ, প্রধানমন্ত্রীর প্রেস সচিব | : | সদস্য |
| ৭) | মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | : | সদস্য |
| ৮) | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন | : | সদস্য |
| ৯) | সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য-সচিব |


**মূল্য :** টাকা ৪.০০

**(খ) কমিটির কার্যপরিধিঃ**

১) বিদ্যমান 'যাকাত তহবিল ব্যবস্থাপনা আইন, ২০২৩' পর্যালোচনা করে প্রয়োজনীয় সংশোধন, সংযোজন ও হালনাগাদ করার বিষয়ে সুপারিশ প্রদান;

২) যাকাত বোর্ডকে একটি স্বাধীন, কার্যকর ও শক্তিশালী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে প্রাতিষ্ঠানিক সংস্কার প্রস্তাব প্রদান;

৩) যাকাত সংগ্রহ ও বিতরণ ব্যবস্থাকে স্বচ্ছ, জবাবদিহিমূলক ও প্রযুক্তিনির্ভর করার লক্ষ্যে মোবাইল অ্যাপ বা অনলাইন প্ল্যাটফর্ম চালুর সম্ভাবনা ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন;

৪) সাধারণ জনগণের মধ্যে যাকাত প্রদানের বিষয়ে সচেতনতা বৃদ্ধি এবং প্রাতিষ্ঠানিক যাকাত ব্যবস্থার সুফল প্রচারের জন্য উপযুক্ত কৌশল ও কর্মপন্থা নির্ধারণ; এবং

৫) যাকাত ব্যবস্থাপনার সাথে সরকারের কর কাঠামোর সম্ভাব্য সমন্বয় সাধনে পর্যালোচনা করে প্রয়োজনীয় সুপারিশ প্রদান।

(গ) কমিটি ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সরকারের নিকট একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করবে।

(ঘ) কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ের বিশেষজ্ঞ বা প্রতিনিধিকে কো-অপ্ট করতে পারবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ নাসির উদ্দিন সরোয়ার**
পরিচালক-০৯।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd